

স্মারক নং ০৫.৪৭.৭৩৩৬.০০০.০২.১৭২.২১- ২০১৭

তারিখ : ১৭ অক্টোবর ২০২১

বিষয় : আগামী ১২ রবিউল আউয়াল ১৪৪৩ হিজরি পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকায় ০৭/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।


উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে, আগামী ১২ রবিউল আউয়াল ১৪৪৩ হিজরি পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপন উপলক্ষ্যে জনাব মোঃ ফরিদুল হক খান, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা মহোদয়ের সভাপতিত্বে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় দিবসটি দেশব্যাপী পালনের নিমিত্ত বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

জাতীয় পর্যায়ে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পর্যায়ে দিবসটি উদযাপনের নিমিত্ত নিম্নরূপ কর্মসূচি নির্ধারণ করা হয়েছে।

কর্মসূচি সমূহ :

ক্রমিক	গৃহীত কর্মসূচি	বাস্তবায়নে
১	২৩	৩
১	সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্ত্ব শাসিত প্রতিষ্ঠান, ইউনিয়ন পরিষদ, পৌরসভা, বে-সরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন।	স্ব স্ব ভবন কর্তৃপক্ষ /মালিকগণ।
২	পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক নিজস্ব কর্মসূচি বাস্তবায়ন। স্বাস্থ্য বিধি যথাযথ অনুসরণে কিরাত মাহফিল, হাম্দ নাট, স্বরচিত কবিতা পাঠ, সাংস্কৃতিক প্রতিযোগিতা, বই মেলা।	ইসলামিক ফাউন্ডেশন।
৩	হয়রত মুহাম্মদ (সাঃ) এর জীবন ও কর্মের উপর আলোচনা সভা ও মিলাদ মাহফিল।	ইসলামিক ফাউন্ডেশন ও উপজেলা পরিষদ জামে মসজিদসহ উপজেলার সকল মসজিদের ইমামগণ।
৪	সকল শিক্ষা প্রতিষ্ঠান/সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও সকল ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষ্যে মিলাদ মাহফিলসহ বিশেষ কর্মসূচি গ্রহণ।	সকল শিক্ষা প্রতিষ্ঠান/সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও সকল ধর্মীয় প্রতিষ্ঠান প্রধানগণ।
৫	সকল হাসপাতাল ও এতিমখানায় উন্নতমানের খাবার পরিবেশন।	সকল হাসপাতাল ও এতিমখানা কর্তৃপক্ষ।
৬	পৌরসভা কর্তৃক নগরের রাস্তা-ঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।	মেয়র, জলঢাকা পৌরসভা
৭	ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) সারা দেশে আইন শৃঙ্খলা রক্ষার্থে বিশেষ ব্যবস্থা গ্রহণ।	বাংলাদেশ পুলিশ, জলঢাকা থানা

গৃহীত কর্মসূচি সমূহ পালনের জন্য ৩নং কলামে বর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক স্ব-স্ব কর্মসূচি পালন অগ্ণে বাস্তবায়িত কর্মসূচির সচিত্র প্রতিবেদন ২১/১০/২০২১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।



মোঃ মাহবুব হাসান
উপজেলা নির্বাহী অফিসার
জলঢাকা, নীলফামারী।

- ১। মেয়র, জলঢাকা পৌরসভা, জলঢাকা।
- ২। উপজেলা অফিসার, জলঢাকা
- ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, জলঢাকা
- ৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,
- ৫। জনাব

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জলঢাকা, নীলফামারী।